

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

ঢাকা

[www.supremecourt.gov.bd](http://www.supremecourt.gov.bd)

স্মারক নং-২৯৩৯/২০২২ এসসি (এডি)

তারিখ : ০৯ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ  
২৪ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

**বিষয় :** সারাদেশে ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে শহীদ আইনজীবীগণের তালিকা প্রেরণ প্রসঙ্গে।

এতদ্বারা নির্দেশিত হয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান ও সুপ্রীম কোর্ট এর সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন বিষয়ক প্রকাশনা উপ-কমিটির গত ২০.১১.২০২২ খ্রি. তারিখের সভায় সারাদেশে ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে শহীদ আইনজীবীগণের তালিকা সংগ্রহের জন্য দেশের সকল জেলার জেলা জজ এবং জেলা আইনজীবী সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক বরাবর পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। বর্ণিত কমিটির উক্ত সিদ্ধান্ত বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় সানুগ্রহ অনুমোদন প্রদান করেছেন।

২। এমতাবস্থায়, দেশের প্রত্যেক জেলার ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে শহীদ আইনজীবীগণের তালিকা সংগ্রহপূর্বক উক্ত তালিকা (জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সনদ নম্বর, সেক্টর নম্বর, স্থানীয় মুক্তিযোদ্ধা কমান্ডারের নাম ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাবলী উল্লেখ) আগামী ০১.১২.২০২২ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর (দৃষ্টিআকর্ষণ: রেজিস্ট্রার, আপীল বিভাগ, সাচিবিক সহায়তাকারী কর্মকর্তা, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান ও সুপ্রীম কোর্ট এর সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন বিষয়ক প্রকাশনা উপ-কমিটি) ডাকযোগে (জিইপি) এবং ই-মেইল এর মাধ্যমে [scbdpub@gmail.com](mailto:scbdpub@gmail.com) ই-মেইল ঠিকানায় প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল জেলার জেলা ও দায়রা জজ এবং জেলা আইনজীবী সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪.১১.২২  
(মোঃ গোলাম রব্বানী)

রেজিস্ট্রার জেনারেল

ফোন: ০২-২২৩৩৮২৭৮৫

ইমেইল: [rg@supremecourt.gov.bd](mailto:rg@supremecourt.gov.bd)

১. জেলা ও দায়রা জজ,..... (সকল) (জেলা আইনজীবী সমিতির সভাপতি/সাধারণ সম্পাদক-কে অবগতকরণসহ সার্বিক সমন্বয়ের জন্য অনুরোধ করা হলো)।
২. সচিব, বাংলাদেশ বার কাউন্সিল, ঢাকা।
৩. সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি..... (সকল)।

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।